তারিখ ...... 7 MAY 2017
পৃষ্ঠা 2 ...... কলাম 6 ......

# উত্তরা হাইস্কুলে দুর্নীতির তদন্ত করছে দুদক

সমকাল প্রতিবেদক

রাজধানীর 'উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজ'-এর দুর্নীতি তদন্ত শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দেশের অন্যতম সেরা এই শিক্ষা প্রতিষ্ঠানটিকে দুর্নীতি গ্রাস করেছে বলে দীর্ঘদিন থেকে অভিযোগ করে আসছেন অভিভাবকরা। এ ব্যাপারে ঢাকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর তদন্ত করে অভিযোগের সত্যতার প্রমাণ পেয়েছে। বিদ্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষায়ও দুর্নীতির পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## উত্তরা হাইস্কুলে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

অবিশ্বাস্য চিত্র ফুটে উঠেছে। উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজের অভিভাবক মোহাম্মদ সোহেল সরকার এ ব্যাপারে দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগপত্র পেশ করলে অভিযোগটি পর্যালোচনা শেষে দুর্নীতি তদন্তের লক্ষ্যে তিন সদস্যের একটি বিশেষ টিম গঠন করা হয়। দুদকের পরিচালক মীর মো. জয়নুল আবেদিন শিবলীর নেতৃত্বে টিমটি অনুসন্ধান করেছে। টিমের অন্য দুই সদস্য হলেন সহকারী পরিচালক মজিবুর রহমান ও উপসহকারী পরিচালক আদনান জান্নাত কেয়া। অনুসন্ধানের তদারককারী কর্মকর্তা হচ্ছেন দুদকের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী।

এ ব্যাপারে যোগাযোগ করা হলে দুদক চেয়ারম্যান সমকালকে জানান, শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতির বিষয়টি দুদক অতি গুরুত্বের সঙ্গে তদন্ত করে। উত্তরা হাইস্কুল অ্যান্ড কলেজে দুর্নীতির তদন্ত দ্রুত সম্পন্ন হবে।